

# সুনান আন-নাসায়ী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১১৮৬

১৩/ সাহু (كتاب السهو)

পরিচ্ছেদঃ ৪/ নামাজে উভয় হাত উঠানো এবং হামদ (আলহামদুলিল্লাহ) ও সানা পাঠ করা।

### আরবী

أَخْبَرنَا مُحَمَّدُ بُنُ عَبْدِ اللَّهِ بْنِ بَزِيعٍ، قَالَ حَدَّثَنَا عَبْدُ الْأَعْلَى بْنُ عَبْدِ الْأَعْلَى، قَالَ انْطَلَقَ رَسُولُ اللَّهِ عُبَيْدُ اللَّهِ، \_ وَهُوَ ابْنُ عُمَرَ \_ عَنْ أَبِي حَازِمٍ، عَنْ سَهْلِ بْنِ سَعْدِ، قَالَ انْطَلَقَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم يُصِلِحُ بَيْنَ بَنِي عَمْرِو بْنِ عَوْفَ فَحَصَرَتِ الصَّلاَةُ فَجَاءَ الْمُؤَذِّنُ إِلَى أَبِي بَكْرٍ فَأَمْرَهُ أَنْ يَجْمَعَ النَّاسَ وَيَوُّمَّهُمْ فَجَاءَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم فَخَرَقَ الصَّفُ الْمُقَدَّمِ وَصَفَّحَ النَّاسُ بِأَبِي بَكْرٍ لِيُؤْذِنُوهُ بِرَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم وَكَانَ أَبُو بَكْرٍ لاَ يُلْتَفِتُ فِي الصَّلاَةِ فَلَمَّا أَكْثُرُوا عَلَمَ أَنَّهُ قَدْ الله عليه وسلم وَكَانَ أَبُو بَكْرٍ لاَ يُلْتَفِتُ فِي الصَّلاَةِ فَلَمَّا أَكْثُرُوا عَلَمَ أَنَّهُ قَدْ الله عليه وسلم فَالْتَفَتَ فَإِذَا هُوَ بِرَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم فَالْتَفَتَ فَإِذَا هُوَ بِرَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم فَأَوْمَا إليَّهِ مِلْكُو يَدَيْهِ فَحَمِدَ اللَّهُ صلى الله عليه وسلم أَى كَمَا أَنْتَ فَرَفَعَ أَبُو بَكْرٍ يَدَيْهِ فَحَمِدَ اللَّهُ صلى الله عليه وسلم أَى كَمَا أَنْتَ فَرَفَعَ أَبُو بَكْرٍ يَدِيْهِ فَحَمِدَ اللَّهُ صلى الله عليه وسلم أَى كَمَا أَنْتَ فَرَفَعَ أَبُو بَكْرٍ يَدَيْهِ فَرَى وَتَقَدَّمَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم أَنْ يَوْمَ أَنُ إِنْ أَبُو بَكْرٍ يَدَيْهِ فَرَى وَتَقَدَّمَ رَسُولُ اللّهِ صلى الله عليه وسلم فَمَ رَبُولُ النَّهِ عَلَى الله عليه وسلم فَمَا كَانَ يَنْبَغِي لاِبْنِ أَبِي قُحَافَةَ أَنْ يَوْمُ رَسُولُ اللّهِ صلى الله عليه وسلم . ثُمَّ قَالَ النَّاسِ " مَا بَالُكُمْ صَفَحَدُّمُ إِنَّمَا التَّصَغْفِيحُ لِلنِسَاءِ " . ثُمَّ قَالَ النَّاسِ " مَا بَالُكُمْ صَفَحَتُمُ إِنَّمَا التَّصَغْفِيحُ لِلنِسَاءِ " . ثُمَّ قَالَ الإَنْ الْمَا التَصْفُونِحُ للنِسَاءِ " . ثُمَّ قَالَ " إِذَا أَنْ مَنْعُلُ لَالله عَلْهُ مَا الْمَا التَصَعْفَى إِنْ أَلْهُ الْمَالِلَهُ عَلَى الله عَلْهُ الله عَلْهُ الْمَالُولُ الْمُ الْمُولُ اللّهُ عَلْلَه المَالِمُ اللّهُ عَلْهُ اللهُ عَلْهُ اللهُ عَلْهُ اللّهُ عَلْمَا النَّ اللّهُ عَلَى اللهُ الْتَصَافِقُ اللهُ الْمَا الْتَصَافِقُ اللّهُ اللّهُ عَ

#### বাংলা

১১৮৬। মুহাম্মদ ইবনু আব্দুল্লাহ ইবনু বাযী (রহঃ) ... সাহল ইবনু সাদ (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসুলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম বনূ আমর ইবনু আউফে (কোন সংকট) মীমাংসার জন্য গেলেন। এরপর সালাতের সময় হলে মুয়াযযিন আবূ বকর (রাঃ)-এর কাছে এসে সাহাবীগণকে একত্র করে তাদের ইমামতি করতে অনুরোধ করলেন। ইতিমধ্যে রাসুলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম এসে কাতার ফাঁক করে প্রথম সারিতে দাঁড়িয়ে গেলেন। সাহাবীগণ আবূ বকর (রাঃ)-কে রাসুলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম এর আগমন সম্পর্কে অবহিত করার জন্য হাতে তালি দিলেন।



আবৃ বকর (রাঃ) সালাতে (একাগ্রতার কারণে) অন্য দিকে লক্ষ্য করতেন না। যখন হাত তালির মাত্রা বেড়ে গেল তিনি বুঝতে পারলেন যে, তাদের সালাতে কোন কিছু ঘটেছে। তিনি লক্ষ্য করে রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর আগমন সমন্ধে অবহিত হলেন। রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তার দিকে ইশারা করলেন যে, তুমি নিজ অবস্থায় থাক।

তখন আবূ বকর (রাঃ) রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর এ কথার জন্য তার হস্তদ্বয় উত্তোলন পূর্বক আল্লাহ তা'আলার প্রশংসা ও তার গুনগান করলেন এবং পিছু হটে গেলেন। রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম অগ্রসর হয়ে সালাত আদায় করলেন। সালাত শেষ করে তিনি আবূ বকর (রাঃ)-কে বললেন, আমি যখন তোমার প্রতি ইশারা করেছিলাম তখন তোমাকে সালাত আদায় করতে কিসে বারণ করেছিল?

তিনি বললেন, ইবনু আবৃ কোহাফার (আবৃ বকর) জন্য রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সামনে ইমামতি করা সমীচীন ছিল না। তারপর রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সাহাবীগণকে বললেন, তোমাদের কি হয়েছিল? তোমরা হাতে তালি দিয়েছিলে কেন? হাতে তালিতো দেওয়া তো নারীদের জন্য। এরপর বললেন, যদি তোমাদের সালাতে কিছু ঘটে যায় তবে তোমরা তাসবীহ (সুবহানাল্লাহ) পড়বে।

## **English**

It was narrated that Sahl bin Sa'd said:

"The Messenger of Allah (ﷺ) set out to bring about reconciliation among Banu 'Amr bin 'Awf. The time for prayer came, and the Mu'adhdhin went to Abu Bakr to tell him to gather the people and lead them in prayer. Then the Messenger of Allah (繼) came and passed though the rows until he stood in the first row. The people started clapping to let Abu Bakr know that the Messenger of Allah (繼) had come. Abu Bakr never used to turn around when he prayed, but when they clapped consistently he realized something must have happened while they were praying. So he turned around and saw the Messenger of Allah (變). The Messenger of Allah (變) gestured to him to stay where he was. Abu Bakr raised his hands and praised and thanked Allah (SWT) for what the Messenger of Allah (ﷺ) had said. Then, he moved backwards, and the Messenger of Allah (ﷺ) went forward and prayed. When he finished, he said to Abu Bakr: 'What stopped you from continuing to pray when I gestured to you?' Abu Bakr, may Allah (SWT) be pleased with him, said: 'It was not appropriate for the son of Abu Quhafah to lead the Messenger of Allah (繼) in prayer.' Then he said to the people: 'Why did you clap?' Clapping is for women.' Then he said: 'If you notice something when you are praying, say "SubhanAllah.'"



## ফুটনোট

সহিহ, বুখারি ও মুসলিম।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ সাহল বিন সা'দ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন